বিএআরআই
# সংবাদ
বর্ষ ৩৭ সংখ্যা ১, ২০২৫
www.bari.gov.bd
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## কৃষি সচিবের ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি সচিব ড. মোঃ এমদাদ উল্লাহ মিয়ান গত ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, ঈশ্বরদী, পাবনার গবেষণা মাঠ পরিদর্শন করেন। এসময় তিনি ডাল ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবনে স্থাপিত বিভিন্ন গবেষণা কার্যক্রম পরিদর্শন করেন এবং কৃষকদের কল্যাণে গ্রহণযোগ্য স্বল্পকালীন জাত ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। ডাল গবেষণা কেন্দ্রের গবেষণা কার্যক্রম ও ইতোমধ্যে উদ্ভাবিত বিভিন্ন ডাল ফসলের গাছের বৃদ্ধি ও ফল ধারণ দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। মাঠ পরিদর্শন কালে তিনি ডাল ফসলের প্রজনন ও মানসম্মত বীজের উৎপাদন বৃদ্ধি, সংরক্ষণ ও সংশিষ্টদের মাঝে বিতরণের বিষয়ে বিজ্ঞানীদের দিক নির্দেশনাদেন। ডালের আমদানি নির্ভরতা কমানোর ক্ষেত্রে উদ্ভাবিত জাত সমূহের দ্রুত কৃষক মাঠে সম্প্রসারণের পরামর্শ দেন। এছাড়াও তিনি খরা, জলাবদ্ধতা ও লবণাক্ততা সহিষ্ণু জাত উদ্ভাবনের ব্যাপারেও গুরুত্ব আরোপ করেন। মাঠ



*মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বারি'র ডাল গবেষণা কেন্দ্রের গবেষণা মাঠ পরিদর্শন করছেন।*

পরিদর্শন কালে সম্মানিত কৃষি সচিবের সাথে আরো উপস্থিত ছিলেন- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালকবৃন্দ এবং ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীবৃন্দ। ■

## কৃষি গবেষকদের যোগাযোগ দক্ষতা উন্নয়ন: বিজ্ঞানীরা এগিয়ে

কৃষি প্রযুক্তি, বিজ্ঞান এবং সাধারণ মানুষের মধ্যে সেতু বন্ধন তৈরির লক্ষ্যে- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই), ফিড দ্য ফিউচার ইনসেক্ট-রেজিস্ট্যান্ট এগ প্যান্ট্ পার্টনারশিপ শীর্ষক প্রকল্প এবং ফার্মিং ফিউচার বাংলাদেশ (এফএফবি)-এর উদ্যোগে (১৫ জানুয়ারি, ২০২৫ খ্রি.) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলের ক্রিস্টালবল রুমে দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। অনুষ্ঠিত এই প্রশিক্ষণে বিজ্ঞানী, গবেষক এবং কৃষিখাতের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

জিন প্রকৌশলের মাধ্যমে উদ্ভাবিত ফল ও ডগা ছিদ্রকারি পোকা প্রতিরোধী বিটিবেগুনের সুবিধা গুলো সহজ ও কার্যকরভাবে কৃষক ও ভোক্তার নিকট পৌঁছে দেওয়ার দক্ষতা বাড়াতে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। বিটি বেগুন বাংলাদেশের কৃষিতে বৈপ্লবিক পরিবর্তন এনেছে। উদ্ভাবন ও মাঠ পর্যায়ে চাষাবাদের অনুমোদনের পর বিগত ১০ বছরে এটি কীটনাশকের ব্যবহার কমিয়েছে, ফসলের উৎপাদনশীলতা বাড়িয়েছে এবং কৃষকদের আয় বাড়াতে সাহায্য





*মঞ্চে উপস্থিত রয়েছেন বিএআরআই মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এবং অন্যান্য বিজ্ঞানী, গবেষক ও কৃষিখাতের প্রতিনিধিগণ।*

করেছে। প্রশিক্ষকরা বিটি বেগুনের পরিবেশগত সুফল এবং কৃষকের স্বাস্থ্যসুরক্ষায় এর ইতিবাচক প্রভাব তুলে ধরেন। একই সঙ্গে প্রমাণ ভিত্তিক যোগাযোগের মাধ্যমে আস্থা তৈরির প্রয়োজনীয়তার ওপর জোর দেন। অনুষ্ঠানে বিএআরআই-এর মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ বলেন, "শুধু গবেষণা বা বিজ্ঞান দিয়ে পরিবর্তন সম্ভব নয় যদি তা কৃষক ও ভোক্তার উপকারে না আসে। আমাদের কাজ হলো মানুষের কাছে গবেষণার সত্যিকারের বার্তা এবং সঠিক তথ্য পৌঁছে দেওয়া। পরিবেশবান্ধব এবং সাফল্যের পথে এগিয়ে যাওয়ার উৎসাহ জোগাতে তার প্রকৃত তথ্য তুলে ধরতে হবে।" ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## সম্পাদকীয়

বাংলাদেশ ভৌগোলিকভাবে বিশ্বের ৮ম বৃহত্তম জনসংখ্যার দেশ। প্রতি বর্গকিলোমিটারে প্রায় ১,৩০০ জন ঘনত্বের সাথে ক্রমবর্ধমান জনসংখ্যার অর্থ হল দেশের খাদ্যের জন্য উপলব্ধ জমি দ্রুত হ্রাস পাচ্ছে। তবে, একটি জাতি এবং অর্থনীতি হিসেবে বাংলাদেশের সাফল্যের ভিত্তি হলো গত দুই দশকে (১৯৯৯-২০১৯) প্রতি বছর আশ্চর্যজনকভাবে ৩.৫৪ শতাংশ হারে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। এই খাতটি বাংলাদেশের অর্থনীতির কেন্দ্রবিন্দুতে রয়েছে, যা দেশের জিডিপির প্রায় ১৪% অবদান রাখে, দারিদ্র্য হ্রাস করে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে এবং ৪১ শতাংশ শ্রমশক্তির জীবিকা নির্বাহের জন্য কর্মসংস্থানের প্রধান উৎস হিসেবে রয়ে গেছে।বিশেষ করে জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব মোকাবেলায়, যদি বাংলাদেশকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের দিকে তার অগ্রগতি অব্যাহত রাখতে হয়, তাহলে অর্থায়ন, আবহাওয়া/মাটি এবং উপকরণ সম্পর্কিত তথ্য, বাজার বুদ্ধিমত্তা এবং তথ্য-চালিত, স্মার্ট কৃষির জন্য সক্ষমতা সহ সমস্যাগুলি মোকাবেলায় দেশকে অত্যাধুনিক প্রযুক্তি এবং তথ্য ব্যবহার করতে হবে। জ্ঞান ও তথ্যের অভাবের কারণে, কৃষকরা মাটি এবং আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ না করেই তাদের ধারণার ভিত্তিতে চাষাবাদ করেন। তার উপর, কৃষির সাথে জড়িত ব্যক্তিরা কম শিক্ষিত



এবং তাদের আধুনিক তথ্য-চালিত কৃষি বোঝার ক্ষমতা নেই।

বাংলাদেশের কৃষি খাতে, অনেকগুলি ভিন্ন ভিন্ন শূন্যস্থান রয়েছে: বাজার বুদ্ধিমত্তার অ্যাক্সেস, অর্থায়নের অ্যাক্সেস, আবহাওয়া/মাটি এবং ইনপুট তথ্যের অ্যাক্সেস। সুতরাং, যে কোনও শূন্যস্থান পূরণ নতুন পরিষেবা তৈরি করে এবং 4IR উদ্যোগে আর্থিক স্থায়িত্বে অবদান রাখে। এই অঞ্চলের বাস্তবতা হলো, ৭০% কৃষক ক্ষুদ্র চাষি এবং ব্যাংকিং সুবিধার বাইরে। কৃষকদের জন্য অর্থায়নের সুযোগ প্রায়শই ব্যয়বহুল। অত্যাধুনিক প্রযুক্তিসহযোগে কৃষকদের একটি ডিজিটাল এবং যাচাইকৃত পরিচয় তৈরি করতে হবে, পাশাপাশি তাদের ঋণ এবং লেনদেনের ইতিহাসও বিতরণযোগ্য নেটওয়ার্কে থাকতে পারে যা ব্যাংক এবং বীমা কোম্পানির মতো প্রাসঙ্গিক সংস্থাগুলিও গ্রহণ করতে পারে। দাম, বাজার আগমন, স্থানীয় ব্যবহার এবং রপ্তানি সম্ভাবনার কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক কৃষি ব্যবস্থা গড়ে তুলতে হবে। ■

## বারি'তে মহান বিজয় দিবস উদ্‌যাপিত

*অষ্টম পৃষ্ঠার পর*

কেন্দ্র) ড. এফ এম আবদুর রউফ; পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. মো. মতিয়ার রহমান, পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতি (বারিকা), বারি ৪র্থ শ্রেণী কল্যাণ সমিতি (বারিচা), ডিপোমা কৃষিবিদ ইনস্টিটিউশন বারি শাখা, বারি শ্রমিক সমিতির নেতৃবৃন্দ এবং ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক, বিএআরআই উচ্চ বিদ্যালয় এবং আনন্দ শিশুকাননের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ■

## বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ...

*সপ্তম পৃষ্ঠার পর*

কার্যক্রম ও সাফল্য সম্পর্কে বক্তব্য রাখেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ। এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ। এছাড়াও বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে প্রতিনিধি দল বারি'র বিভিন্ন গবেষণাগার ও গবেষণা মাঠ পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোস প্রকাশ করেন। ■

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত



*বারি'র শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করছেন বিএআরআই-এর পরিচালকবৃন্দ এবং সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।*

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উদ্‌যাপিত হয়েছে। একুশের প্রথম প্রহর রাত ১২:০১ মিনিটে ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে বারি'র শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

*এরপর পৃষ্ঠা ৩*

## বারি পেঁয়াজ-৪ এর প্রজনন বীজ উৎপাদন কলাকৌশল শীর্ষক মাঠ দিবস অনুষ্ঠিত




*মাঠ দিবসে উপস্থিত রয়েছেন প্রধান অতিথি ড. মুন্সী রাশীদ আহমদ, পরিচালক (গবেষণা), বারি।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, গাজীপুর এর আয়োজনে (২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.) বারি পেঁয়াজ-৪ এর প্রজনন বীজ উৎপাদন কলাকৌশল শীর্ষক মাঠ দিবস বারি'র আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্রের গবেষণা মাঠে অনুষ্ঠিত হয়েছে। মাঠ দিবসটিতে গাজীপুর জেলার বিভিন্ন উপজেলার ৮০ জন পেঁয়াজ চাষী (কৃষক/কৃষাণী) অংশগ্রহন করেন। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র)

*এরপর পৃষ্ঠা ৫*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## অপ্রধান দানাদার ফসলের উপর মাঠ দিবস



*মাঠ দিবসে সম্মানিত অতিথিবৃন্দ ও কৃষকগণ উপস্থিত রয়েছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্ভিদ প্রজনন বিভাগ এবং সরেজমিন গবেষণা বিভাগ, পটুয়াখালীর আয়োজনে (২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.) পুষ্টিসমৃদ্ধ, অপ্রধান দানাদার ফসলের উপর একটি মাঠ দিবস কলাপাড়া, পটুয়াখালীতে অনুষ্ঠিত হয়েছে। উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি গাজীপুরের অর্থায়নে আয়োজিত এ মাঠ দিবসে কলাপাড়া, পটুয়াখালীর স্থানীয় কৃষকগণ অংশগ্রহণ করেন।

ড. এইচএম খাইরুল বাশার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মাঠ দিবসে কৃষকগণ সহজে চাষযোগ্য পুষ্টি সমৃদ্ধ, অপ্রধান দানাদার ফসলের চাষাবাদের ব্যাপারে ব্যাপক আগ্রহ প্রকাশ করেন। ■

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস...

*দ্বিতীয় পৃষ্ঠার পর*

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, মহান ভাষা আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক, শিক্ষক এবং বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে প্রভাতফেরি। প্রভাতফেরি শেষে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান। অনুষ্ঠানে বারি'র পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগন, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, শ্রমিক এবং ইনস্টিটিউটের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও দিনের কর্মসূচির অংশ হিসেবে বাদ জুম্মা বারি'র সকল মসজিদে ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। সন্ধ্যায় বারি'র মন্দির ও গীর্জায় বিশেষ প্রার্থনা করা হয়। ■

## বারি'তে টমেটো উৎপাদন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

*অষ্টম পৃষ্ঠার পর*

(তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. মনিরুল ইসলাম; পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান এবং এশিয়ান ফুড অ্যান্ড এগ্রিকালচার কোঅপারেশন ইনিশিয়েটিভ (AFACI) ও দ্য ওয়ার্ল্ড ভেজিটেবল সেন্টার এর সিনিয়র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় স্বাগত বক্তব্য এবং মূল প্রবন্ধ উপস্থাপনা করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সবজি বিভাগ) ড. এ কে এম কামরুজ্জামান। ■

## বারি সরিষা-১৮ জাতের উৎপাদনশীলতা ও উৎপাদন প্রযুক্তি শীর্ষক মাঠদিবস




*ড. মো. মাহমুদুল ইসলাম নজরুল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভীবাজার প্রধান অথিতির বক্তব্য রাখছেন।*

সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, সিলেট এর আয়োজনে বারি সরিষা-১৮ জাতের উৎপাদনশীলতা ও উৎপাদন প্রযুক্তি শীর্ষক মাঠ দিবস-২০২৫ লালাবাজার, দক্ষিণ, সুরমা, সিলেট সদরে ১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মাহমুদুল ইসলাম নজরুল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, আকবরপুর, মৌলভী বাজার। তৈলবীজ গবেষণা কেন্দ্র, বিএআরআই, গাজীপুর এর অর্থায়নে উক্ত মাঠ দিবসে ৮০ জন কৃষক-কৃষাণী অংশ গ্রহণ করেন। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. মো. আসাদুজ্জামান, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালিত হয়। প্রধান অতিথি বারি সরিষা-১৮ চাষ করে কৃষকরা কিভাবে অধিক লাভবান হতে পারে সে বিষয়ে ব্যক্তব্য প্রদান করেন। ■

## বারি মহাপরিচালক এর তৈলবীজ গবেষণা কার্যক্রম পরিদর্শন



*বারি মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ বিএআরআই গবেষণা মাঠ পরিদর্শন করছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ ০৭ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে ইনস্টিটিউটের তৈলবীজ গবেষণা কেন্দ্রের বিভিন্ন মাঠ পরিদর্শন করেন। পরিদর্শনকালে বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ বিজ্ঞানীদের সাথে মতবিনিময়কালে গবেষণা কার্যক্রমের বিভিন্ন দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। এসময় বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ; পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. মনিরুল ইসলাম এবং তৈলবীজ গবেষণা কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানী/বিজ্ঞানী/বৈজ্ঞানিক সহকারীবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ গবেষণা কার্যক্রম ও অগ্রগতি দেখে সন্তোস প্রকাশ করেন। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## পিএইচডি ডিগ্রি অর্জন


নূর মোহাম্মদ

নূর মোহাম্মদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি পরিসংখ্যান ও আইসিটি (এএসআইসিটি) বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) গত ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি. এ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বিএইউ) ময়মনসিংহ থেকে রিমোট সেন্সিং ও জিআইএস বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তাঁর পিএইচডি প্রোগ্রামের গবেষণার শিরোনাম ছিল "Production and Yield Estimation of Maize Using Satellite Remote Sensing Technique in Northern Bangladesh"। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি ও ফলিত পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আমিরুল ইসলামের তত্ত্বাবধানে তার পিএইচডি গবেষণা সম্পন্ন করেন। তাঁর পিএইচডি গবেষণালব্ধ জ্ঞান ভুট্টাসহ অন্যান্য ফসলের আগাম উৎপাদনশীলতা ও ফসলী জমির পরিমাপের ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা রাখবে। তাঁর পিএইচডি গবেষণা কাজের অর্থায়ন করে "Bangabandhu Science and Technologz Fellowship Trust", বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। তাঁর বাবা মরহুম মোজাম্মেল হক গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার নলডাঙ্গা ইউনিয়নের একজন ব্যবসায়ী এবং তাঁর মা মরহুমা রওশন আরা বেগম একজন গৃহিণী ছিলেন।তার সহধর্মিণী মোছা. শারমিন জাহান তৃপ্তি সহকারী শিক্ষক, পূর্ব চান্দনা সপ্রাবি, গাজীপুর মহানগরে কর্মরত। তিনি তিন ছেলে শোয়াইব বিন নূর, জাবির বিন নূর এবং সাদ বিন নূর এর জনক। ■

## বারিতে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত


ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখছেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের দপ্তর) ড. মো. বজলুর রহমান।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রি. ইনস্টিটিউট সেমিনার রুমে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় এর কৃষি অনুষদের ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন অনুষ্ঠান অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে গাজীপুর-এর কৃষি অনুষদের ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান এর সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ এবং গাকৃবি-এর কৃষি অনুষদের শিক্ষকবৃন্দ। উক্ত অনুষ্ঠানে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের দপ্তর) ড. মো. বজলুর রহমান। ■

## বারিতে অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ



ড. মুহাম্মদ আতাউর রহমান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) সভাপতির বক্তব্য রাখছেন।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে ২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. ইনস্টিটিউট এর সেমিনার রুমে বিএআরআই এর স্টাফদের অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বারি'র বিভিন্ন শাখা/বিভাগ/কেন্দ্রের কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান এর সভাপতিত্বে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হকয়। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ এবং পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ। উক্ত প্রশিক্ষণে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. ইমরান খান চৌধুরী। ■

## উপকূলীয় অঞ্চলে বারি উদ্ভাবিত উন্নত জাতের সরিষা উৎপাদন শীর্ষক মাঠ দিবস



মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন ড. মো. আবুল খায়ের মিয়া, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর।

বাংলাদেশ কৃষিগবেষণা ইনস্টিটিউট এর কৃষিতত্ত্ব বিভাগ ও সরেজমিন গবেষণা বিভাগ, কক্সবাজার এর উদ্যোগে গত ৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. কক্সবাজারের চকোরিয়ায় "উপকূলীয় অঞ্চলে বারি উদ্ভাবিত উন্নত জাতের সরিষা উৎপাদন কৌশলের" উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে । প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের অর্থায়নের উক্ত মাঠ দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষিতত্ত্ব বিভাগ, বিএআরআই এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আবুল খায়ের মিয়া। অনুষ্ঠানে কক্সবাজার এলাকায় প্রচলিত আমন ধানের পরে বারি উদ্ভাবিত সরিষার বিভিন্ন জাতের উৎপাদন করার জন্য কৃষকদের উৎসাহিত করা হয় এবং বারি সরিষা-২০ এর উচ্চ ফলন ও আর্থিক লাভের বিষয়টি কৃষকদেরকে অবহিত করা হয়। ■

## লবণাক্ত এলাকায় বারি উদ্ভাবিত উন্নত জাতের রসুন উৎপাদন কৌশলের উপর মাঠ দিবস অনুষ্ঠিত




*মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন ড. মো. আবুল খায়ের মিয়া, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুর।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কৃষিতত্ত্ব বিভাগ ও কৃষি গবেষণা কেন্দ্র, বেনেরপোতা, সাতক্ষীরা এর যৌথ আয়োজনে এবং পার্টনার (বারি অংগ) প্রকল্পের অর্থায়নে গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. সাতক্ষীরা জেলার তালা উপজেলায় "লবণাক্ত এলাকায় বারি উদ্ভাবিত উন্নত জাতের রসুন উৎপাদন কৌশলের উপর " মাঠ দিবসের আয়োজন করা হয়। উক্ত মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিতত্ত্ব বিভাগ, বিএআরআই এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: আবুল খায়ের মিয়া। মাঠ দিবসে বারি রসুন-৫ এর উন্নত উৎপাদন কৌশল সম্পর্কে কৃষকদের অবহিত করা হয়। আমন ধান কাটার পর উপকূলীয় অঞ্চলের বিস্তীর্ণ জমি পতিত থাকে। লবণাক্ত অঞ্চলে বিনা চাষে বারি রসুন-৫ এর আবাদ করা হলে উপকূলীয় অঞ্চলের পতিতজমিসমূহ চাষাবাদের আওতায় আসবে। বিনা চাষে বারি রসুন-৫ এর ফলন দেখে উপস্থিত কৃষকেরা সন্তোষ প্রকাশ করেন এবং বারি রসুন-৫ চাষাবাদের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। ■

## বারিতে কৃষি যন্ত্রপাতি অংশীজন সন্নিবদ্ধ কর্মশালা অনুষ্ঠিত

*অষ্টম পৃষ্ঠার পর*

বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) জনাব মো: মাহবুবুল হক পাটওয়ারী। অনুষ্ঠানে গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার করিম। এসময় অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন বারি'রপরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ; পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. মনিরুল ইসলাম; পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. এফ এম আবদুর রউফ; সাবেক পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান; এবং বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। কর্মশালায় প্রকল্পের কার্যক্রমের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (এফএমপিই বিভাগ) ও প্রকল্প পরিচালক, এফএমডি প্রকল্প ড. মো. নূরুল আমিন।

উক্ত গবেষণা কার্যক্রম সম্পাদিত হয় "কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডি)" শীর্ষক প্রকল্প এর আওতায়। ■

## মাছের নমুনায় কীটনাশক অবশিষ্টাংশ বিশ্লেষণের উপর প্রশিক্ষণ




*অনুষ্ঠান মঞ্চে উপস্থিত রয়েছেন সম্মানিত পরিচালকবৃন্দ এবং অন্যান্য অতিথিবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের আয়োজনে (২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.) কীটতত্ত্ব বিভাগের সেমিনার কক্ষে মৎস্য অধিদপ্তরের কারিগরি কর্মচারীদের "মাছের নমুনায় কীটনাশকের উপস্থিতি" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

বারি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কীটতত্ত্ব বিভাগ) ড. নির্মল কুমার দত্ত এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান। অনুষ্ঠানে গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য অধিদপ্তরের সিনিয়র সহকারী পরিচালক ড. মো. মাকসুদুল হক ভূঁইয়া। এছাড়াও বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। ■

## বারিতে শুদ্ধাচার ও আচরণ বিধিমালা শীর্ষক প্রশিক্ষণ

*সপ্তম পৃষ্ঠার পর*

ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ। উক্ত প্রশিক্ষণে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আবদুর রাজ্জাক। উল্লেখ্য রাষ্ট্রীয়ভাবে প্রজাতন্ত্রের কর্মকর্তা/কর্মচারী তাদের স্বস্ব ক্ষেত্রে মান উন্নয়ন এবং দায়িত্বশীলতা বাড়াতে এ কর্যক্রম চালু হয় যা চলমান রয়েছে। ■

## বারি পেঁয়াজ-৪ এর প্রজনন বীজ উৎপাদন কলাকৌশল...

*দ্বিতীয় পৃষ্ঠার পর*

ড. মুহা. মাসুদুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মসলা গবেষণা কেন্দ্র) ও প্রকল্প পরিচালক "বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরন প্রকল্প" ড. শৈলেন্দ্র নাথ মজুমদার। এছাড়াও বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পেঁয়াজ চাষীবৃন্দ তাঁদের চাষাবাদের বিভিন্ন সমস্যা, সাফল্য এবং ভবিষৎ পরিকল্পনা বিষয়ে মতবিনিময় করেন।

উক্ত মাঠ দিবস অনুষ্ঠানটি "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্প অর্থায়ন করে। ■

বিএআরআই
সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# বিএআরআই কর্তৃক উদ্ভাবিত ফসলের জাতসমূহ (জুলাই ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত)

| ক্রমিক নং | ফসলের নাম | জাতের নাম (২০২৩-২৪ অর্থবছরে) | অবমুক্তি/ নিবন্ধনের তারিখ | ফলন (টন/ হেক্টর) | জাতের বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|
| ১. | রসুন | বারি রসুন-৫ | ১৩-১২-২০২৩ | ৯-১০ | গাছের উচ্চতা ৬৫-৭৫ সে.মি.। প্রতিটি রসুনের ওজন ২২-২৫ গ্রাম। প্রতি রসুনে কোয়ার সংখ্যা ১৭-২০ টি। কোয়ার গড় ওজন প্রায় ১.৪-১.৬ গ্রাম। জীবনকাল ১৪০-১৫০ দিন। |
| ২. | মেটে আলু | বারি মেটে আলু-৫ | ২৮-০৪-২০২৪ | ৪১.৮০ | কন্দ অনিয়মিত আকৃতির। আঁশের রং হলুদ, শুষ্ক পদার্থের পরিমান ২২.৪৮ ±১। বুলবিল প্রায় গোলাকার হয়। সময়কাল ৮-১০ মাস (বীজ থেকে বীজ) । |
| ৩. | মেটে আলু | বারি মেটে আলু-৬ | ২৮-০৪-২০২৪ | ২৮.৯৯ | প্রতিটি গর্তে কন্দের সংখ্যা রয়েছে। আঁশের রং হালকা হলুদ, শুষ্ক পদার্থের উপাদান ১৯.৫৯±১। বুলবিল কন্দ প্রায় গোলাকার, অনিয়মিত এবং সংকুচিত আকৃতির। সময়কাল ৮-১০ মাস (বীজ থেকে বীজ) । |
| ৪. | মেটে আলু | বারি মেটে আলু-৭ | ২৮-০৪-২০২৪ | ৬৮.৬৭ | কন্দ অনিয়মিত আকৃতির। আঁশের রং ক্রিম, ড্রাই ম্যাটার কন্টেন্ট ২৯.২৫±১। বুলবিল কন্দগুলি ডিম্বাকৃতির আকারে অনিয়মিত। সময়কাল ৮-১০ মাস (বীজ থেকে বীজ) । |
| ৫. | মিষ্টিআলু | বারি মিষ্টি আলু-১৮ | ২৮-০৪-২০২৪ | ৪৩.৪৬ | কন্দের আকৃতি বৃত্তাকার অনিয়মিত। মোট দ্রবণীয় কঠিন ১১% (ব্রিক্স), শুষ্ক পদার্থের কনটেন্ট ২৩.৪৫±১%। চামড়ার রং লাল ও আঁশের রং কমলা। সময়কাল ১২০-১৩০ মাস (বীজ থেকে বীজ) । |
| ৬. | লিলিয়াম | বারি লিলিয়াম-৩ | ২৮-০৪-২০২৪ | ২৪০০০০-২৫০০০০ স্টিক/হেক্টর | রবি মৌসুমে চাষযোগ্য। ফুল গাঢ় কমলা রঙের। স্পাইকের দৈর্ঘ্য ৫৫-৬৫ সেমি., ফুলের ব্যাস ১৮-১৯ সেমি.। বাল্বের ওজন ৪৫-৫০ সেমি.। ফুলদানিতে স্থায়িত্ব ৭-১২ দিন। জীবনকাল ১৫০-১৬০ দিন। |
| ৭. | কাসাভা | বারি কাসাভা-৩ | ২৮-০৪-২০২৪ | ৫২.১৫ | মূলের আকৃতি নলাকার গাঢ় বাদামী রঙের। মূলের মজ্জা সাদা। শুষ্ক পদার্থ ৪৩.৩৬±১, স্টার্চ ৩২.৪৫%। সময়কাল ৮-১১ মাস (বীজ থেকে বীজ)। |
| ৮. | কাসাভা | বারি কাসাভা-৪ | ২৮-০৪-২০২৪ | ৪১.৪৫ | শিকড়ের আকৃতি শঙ্কু-নলাকার এবং গোলাপী-বাদামী রঙের। মূলের মজ্জা ক্রিম রঙের হয়। শুষ্ক পদার্থ ৪২.৫৯ ±১, স্টার্চ ৩২.৫৯%। সময়কাল ৮-১১ মাস (বীজ থেকে বীজ) । |
| ৯. | সরিষা | বারি সরিষা-২১ | ২৮-০৫-২০২৪ | ১.৫৩-২.৪০ | রবি মৌসুমে চাষযোগ্য, গাছের উচ্চতা ১৪০-১৬৫ সেমি। বীজ হলুদ বর্ণের ও দুই প্রকোষ্ট বিশিষ্ট। ১০০০ বীজের ওজন ২.৫-৩.০ গ্রাম।বীজে তেলের পরিমাণ ৪৩-৪৪.৫%।জীবনকাল ৯৫-১১০ দিন। |
| ১০. | শঁসা | বারি হাইব্রিড শঁসা-১ | ২৮-০৫-২০২৪ | ৩৬ টন | সারা বছর চাষযোগ্য। ফল লম্বা আকৃতির ও হালকা সবুজ বর্ণের। প্রতি গাছে ফলের সংখ্যা গড়ে ২২টি। ফুল মেনোসিয়াস হলুদ বর্ণের। প্রতি ফলের গড় ওজন ২৩০ গ্রাম। জীবনকাল ৭০-৭৫ দিন। |
| ১১. | টমেটো | বারি টমেটো-২২ | ২৮-০৫-২০২৪ | ৯০-১০০ | রবি মৌসুমে চাষযোগ্য। ফল মাঝারী আকারের লম্বাটে গোলাকার। প্রতি গাছে ফলের সংখ্যা ৩৫-৪০টি। ফলের ওজন ১১০-১১৫ গ্রাম। মিষ্টতা (ঞঝঝ) ৪.৫০%। ফলের ভক্ষণযোগ্য অংশ ১০০%। জীবনকাল ১৪০-১৫০দিন। |
| ১২. | টমেটো | বারি টমেটো-২৩ | ২৮-০৫-২০২৪ | ৮৮-৯৫ | রবি মৌসুমে চাষযোগ্য। ফল কিছুটা চ্যাপ্টা গোলাকার। প্রতি গাছে ফলের সংখ্যা ৩৩-৩৬টি। ফলের ওজন ১২০-১২৫ গ্রাম। মিষ্টতা (ঞঝঝ) ৪.৫০%। ফলের ভক্ষণযোগ্য অংশ ১০০%। জীবনকাল ১৪০-১৫০দিন। |
| ১৩. | লাউ | বারি লাউ-৬ | ২৮-০৫-২০২৪ | ৫০-৫২ (রবি) ৩৫-৪০ (খরিফ) | সারা বছর চাষযোগ্য, ফল নলাকার বোতল আকৃতির। প্রতি গাছে ফলের সংখ্যা ১০-১১টি, প্রতি ফলের ওজন ২.৪-২.৫ কেজি। ফলের ভক্ষণযোগ্য অংশ ১০০%। জীবনকাল ১৩০-১৪০ দিন। |
| ১৪. | ধনিয়া | বারি ধনিয়া-৩ | ২৮-০৫-২০২৪ | ৯-১০ | সারা বছর চাষযোগ্য, গাছের উচ্চতা ১৫-২০ সেমি। প্রতি গাছে পাতার সংখ্যা ৬-৮টি। ১০০০ বীজের ওজন ১০-১১ গ্রাম। জীবনকাল ৫০-৬০ দিন। |

| ক্রমিক নং | ফসলের নাম | জাতের নাম (২০২৩-২৪ অর্থবছরে) | অবমুক্তি/ নিবন্ধনের তারিখ | ফলন (টন/ হেক্টর) | জাতের বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|
| ১৫. | ধুন্দুল | বারি হাইব্রিড ধুন্দুল-২ | ২৮-০৫-২০২৪ | ৬১.৩৮ | সারা বছর চাষযোগ্য। ফল খাটো আকৃতির ও গাঢ় সবুজ বর্ণের। প্রতি ফলের গড় ওজন ২২৫ গ্রাম। জীবনকাল ১২০-১৩০দিন। |
| ১৬. | তিসি | বারি তিসি-৩ | ২৮-০৫-২০২৪ | ১.৩-১.৪ | বীজ বড় ও মোটা ডিম্বাকৃতির, মসৃন, চ্যাপ্টা ও হালকা বাদামী বর্ণের। গাছের উচ্চতা ৬৫-৭২ সেমি. প্রতি গাছে ৭২-১০৫ টি ফর ধরে। লবণাক্ত সহিষ্ণু জাত। প্রতি ক্যাপসুলে ৮-১০ টি বীজ থাকে। জীবনকাল ১১৪-১১৮ দিন। |
| ১৭. | মটর | বারি মটর-৪ | ২৮-০৫-২০২৪ | ১.৩৯-২.২৮ | রবি মৌসুমে চাষযোগ্য, ফুল গোলাপী বর্ণের। বীজ কালচে সুবজাভ বর্ণের। কচি পাতা ও সবুজ ফল সবজি হিসেবে ব্যবহারযাগ্য । প্রতি গাছে ২৩-৩৮টি ফল ধরে। ১০০ বীজের ওজন ৯.৬৭-১৫.২৭ গ্রাম। জীবনকাল ৯৪-১০৩ দিন। |
| ১৮. | পানিফল | বারি পানিফল-১ | ২৮-০৫-২০২৪ | ৯.৮২ | ফল আকারে বড়, শাঁস ত্রিভুজাকৃতির নরম সাদা। ফলের গড় ওজন ১৮.৭০ গ্রাম। ফলের ভক্ষণযোগ্য অংশ ৪৩.৮৩। বর্ষজীবী উদ্ভিদ, টিএসএস ৫.৪%। |
| ১৯. | ঢেমশী | বারি ঢেমশী-১ | ৩০-০৬-২০২৪ | ৭০০-৮০০ | গাছের গড় উচ্চতা ১০০ সেমি. বীজ ত্রিভুজাকৃতির কালো ছাই বর্ণের। ১০০০ দানার গড় ওজন ১৫ গ্রাম। উচ্চ প্রোটিন, ফাইবার এবং মিনারেল সমৃদ্ধ ফসল। জীবনকাল ৭৭-৮০ দিন। |
| ২০. | নেগি অনিয়ন | বারি নেগি অনিয়ন-১ | ৩০-০৬-২০২৪ | ২০-২৫ | পাতা খুবই বড়, নলাকার ও গাঢ় সবুজ বর্ণের। গাছের উচ্চতা ৭০-৭৫ সেমি, পাতা ও মূল দন্ড ফাঁপা থাকে। সাধারণ পেঁয়াজের মত নেগি অনিয়নে কন্দ উৎপাদন হয় না। কন্দের পরিবর্তে একটি লম্বা ও মোটা সাদা সিউডোস্টেম উৎপাদন হয়। সিউডোস্টেমের গঠন নরম ও রসালো, পাতাসহ ওজন ১২০-১২৫ গ্রাম। সিউডোস্টেম ও পাতা ভক্ষণযোগ্য। জীবনকাল ২৬০-২৭০ দিন (বীজ থেকে বীজ) । |
| ২১. | কিনোয়া | বারি কিনোয়া-১ | ৩০-০৬-২০২৪ | ১৮০০ | গাছের উচ্চতা ৬৫-৭৫ সেমি। দানা গোলাকার চ্যাপ্টা ও হালকা বাদামী বর্ণের। ১০০০ দানার ওজন ৩.৪ গ্রাম, মঞ্জুরী খাড়া ও ৮-৯টি শাখা থাকে। জাতটি লবণাক্ততা সহনশীল, হেলে পড়ার প্রবণতা কম। জীবনকাল ৮০-৮৫ দিন (বীজ থেকে বীজ) । |

## বারিতে শুদ্ধাচার ও আচরণ বিধিমালা শীর্ষক প্রশিক্ষণ



*প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে ২২ ডিসেম্বর ২০২৪ খ্রি. ইনস্টিটিউট এর সেমিনার রুমে বিএআরআই এর স্টাফদের শুদ্ধাচার ও আচরণ বিধিমালা শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে বারি'র বিভিন্ন শাখা/বিভাগ/কেন্দ্রের কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এ সময় অনুষ্ঠানে উপস্থিত *এরপর পৃষ্ঠা ৫*

## বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের বিএআরআই পরিদর্শন



*বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ।*

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকার ১১৬তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) এর প্রশিক্ষণার্থী দল ১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। উক্ত দলে ৩৮ জন প্রশিক্ষণার্থী (যুগ্ম সচিব ৩৪ জন, কর্নেল ০১ জন, ক্যাপ্টেন ০১ জন, গ্রুপ ক্যাপ্টেন ০১ জন, ডিআইজি ০১ জন) এবং ০৪ জন কোর্স সদস্য বিএআরআই পরিদর্শন করেন। দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি সেমিনার রুমে অনুষ্ঠিত মতবিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। অনুষ্ঠানে ইনস্টিটিউটের *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে মহান বিজয় দিবস উদ্‌যাপিত



*মহান বিজয় দিবসের অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন বারি'র মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।*

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ আজ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ নানা কর্মসূচির আয়োজন করা হয়।

দিবসটি পালন উপলক্ষে আয়োজিত কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, বিএআরআই উচ্চ বিদ্যালয় এবং আনন্দ শিশুকানন শিক্ষার্থীদের অংশগ্রহণে বিভিন্ন খেলাধুলা, বিশেষ মোনাজাত এবং আলোকসজ্জা।

সকালে বারি'র প্রধান কার্যালয়ের সামনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এ সময় আনসার সদস্যদের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ; বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ; পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান; পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. মনিরুল ইসলাম; পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা *এরপর পৃষ্ঠা ২*

## বারিতে কৃষি যন্ত্রপাতি অংশীজন সন্নিবদ্ধ কর্মশালা অনুষ্ঠিত



*প্রধান অতিথি এবং অন্যান্য অতিথিবৃন্দ কৃষি যন্ত্রপাতি পরিদর্শন করছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগ এর আয়োজনে (১৪ ডিসেম্বর ২০২৪ খ্রি.) বারি'র এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডি) প্রকল্প এর আওতায় কৃষি যন্ত্রপাতি অংশীজন সন্নিবদ্ধ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। *এরপর পৃষ্ঠা ৫*

## বারি'তে টমেটো উৎপাদন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



*প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সবজি বিভাগ এর আয়োজনে (২৭ জানুয়ারি ২০২৫ খ্রি.) বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে বাংলাদেশে টমেটোর উৎপাদন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ; পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ; পরিচালক *এরপর পৃষ্ঠা ৩*

প্রধান পৃষ্ঠপোষক : ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ
মুখ্য সম্পাদক : ড. মো. আতাউর রহমান
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : প্রাইম প্রকিউর কমিউনিকেশন
১৬৫, কাঁঠালবাগান, ঢাকা-১২০৫

প্রকাশ: মার্চ ২০২৫